

স্মারক নং- ৩৮.১৭১.০৪৫.০১.০২.৩৩৩.২০১৫. ৩০৭৬

তারিখঃ ২৫/০৭/২০১৬

বিষয়ঃ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভৌত তথ্য ও শিক্ষক তথ্য অনলাইনে হালনাগাদকরণ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত জুন মাসে সকল বিভাগীয় কার্যালয়ে ই-প্রাইমারী সিস্টেম এর উপর সকল জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা শিক্ষা অফিসার, জেলার সকল কম্পিউটার অপারেটর সমন্বয়ে ওয়ার্কশপ সম্পন্ন করা হয়েছে। উক্ত ওয়ার্কশপের মাধ্যমে ই-প্রাইমারী সিস্টেম এর এন্ট্রিকৃত বিদ্যালয় ও শিক্ষক সম্পর্কিত তথ্য সম্পর্কে সম্যক ধারণা দেয়া হয়েছে এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসারদের User ID ও Password ই-মেইলের মাধ্যমে দেওয়া হয়েছে। কিন্তু ই-প্রাইমারী সিস্টেম এ প্রয়োজনীয় তথ্যাদি হালনাগাদ না করায় এ সিস্টেম থেকে কাঙ্ক্ষিত ফল লাভ সম্ভব হচ্ছে না। ইতঃপূর্বে এ অফিসের ১০ জুন ২০১৫ তারিখের ৩৮.১৭১.০০৩.০০.০২. ৩১৭.২০১৩(পার্ট)/১৫৪৫ নম্বর স্মারকের মাধ্যমে তথ্য হালনাগাদ করার নির্দেশনা দেয়া হলেও অদ্যাবধি সকল বিদ্যালয় ও শিক্ষকদের তথ্য হালনাগাদ করা হয়নি, যা কোন ভাবেই কাম্য নয়।

২। উপজেলা শিক্ষা অফিসারগণকে আগামী ৩০/০৮/২০১৬ইং তারিখের মধ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটে অভ্যন্তরীণ ই-সেবা মডিউলের ই-প্রাইমারী সিস্টেম এর মাধ্যমে সকল সরকারি ও জাতীয়করণকৃত প্রাথমিক বিদ্যালয়ের যাবতীয় তথ্যাবলী (স্কুলের মৌলিক তথ্য, ভূমি, ভবন, রুম, আসবাবপত্র, নিরাপদ পানীয় সুবিধা, টয়লেট সুবিধা, আইসিটি শিক্ষক ও অন্যান্য সুবিধাদির তথ্য) ও শিক্ষকদের ব্যক্তিগত সকল তথ্যাবলি সঠিকভাবে হালনাগাদকরণের নির্দেশ প্রদান করা হলো।


৩। সকল জেলা প্রাথমিক শিক্ষা অফিস User ID ও Password এর মাধ্যমে ই-প্রাইমারী সিস্টেম লগইন করে সকল উপজেলা শিক্ষা অফিসের User ID ও Password তৈরি করে সরবরাহ করবেন। উপজেলা শিক্ষা অফিসারগণ জেলা হতে সরবরাহকৃত User ID ও Password দ্বারা ই-প্রাইমারী সিস্টেমে বিদ্যালয়ের Password সমূহ নিয়ন্ত্রণ করবেন এবং এতদসংক্রান্ত এন্ট্রি নিশ্চিত করবেন।

৪। কোনো শিক্ষক উপজেলা, জেলা বা বিভাগের মধ্যে বদলী হলে সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসার উপজেলার মধ্যে, সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসার জেলার মধ্যে ও বিভাগীয় উপপরিচালকগণ বিভাগের মধ্যে তাদের User ID ও Password দিয়ে Log in করে শিক্ষকগণকে যথাস্থানে পদায়ন করবেন।

৫। সরকারি ও জাতীয়করণকৃত বিদ্যালয়ের নতুন যোগদানকৃত সকল শিক্ষকগণ তাঁদের যাবতীয় তথ্য নির্দিষ্ট বিদ্যালয়ের বিপরীতে এন্ট্রি নিশ্চিত করবেন।

৬। এ বিষয়ে যে কোনো সমস্যা বা ব্যাখ্যার জন্য উপরে বর্ণিত ই-প্রাইমারী সিস্টেম এর নির্দেশিকা অংশে উল্লেখিত ই-মেইল ঠিকানায যোগাযোগ করা যাবে। প্রয়োজনে অধিদপ্তরের ইনফরমেশন ম্যানেজমেন্ট ডিভিশনে ই-মেইলে (onlineapsc2015@gmail.com) যোগাযোগের মাধ্যমে কোনো টেকনিক্যাল সমস্যার সমাধান পাওয়া যাবে।

৭। বিষয়টি অতীব জরুরী। এ বিষয়ে কোনরূপ শৈথিল্য ও বিলম্ব সরকারি দায়িত্ব পালনে অবহেলা ও অদক্ষতা হিসাবে বিবেচিত হবে।


(ড. মোঃ আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি)
অতিরিক্ত মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
টেলিফোনঃ ৮৮-০২-৯০০১৭২৬ (পিএ)
ই-মেইলঃ adgdpe@gmail.com

বিতরণঃ (কার্যার্থে)ঃ

- ১। উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/রংপুর)
(মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট সকলকে অবহিত করা ও সঠিক সময়ে কার্য সম্পাদনের নির্দেশ প্রদানের অনুরোধসহ)
- ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
(মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট সকলকে অবহিত করা ও সঠিক সময়ে কার্য সম্পাদনের নির্দেশ প্রদান এবং সকল উপজেলা শিক্ষা অফিসারগণকে User ID ও Password প্রদানে অনুরোধসহ)।
- ৩। উপজেলা শিক্ষা অফিসার (সকল)

অবগতির জন্যঃ

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। সংরক্ষণ নথি।